



/আষাঢ়/১৪২৭ বঙ্গাব্দ

স্মারকনং-৪৪.০১.০০০০.৯৭৮.১৬.০০১.২০১৮- ২০৭

তারিখ: ২০/জুন/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: পুলিশ হেডকোয়ার্টার্স-এর কৃষ্ণচূড়া সম্মেলন কক্ষে আয়োজিত ওয়ার্কশপে (কনস্টবল হতে ইন্সপেক্টর) অংশগ্রহণের জন্য পুলিশ সদস্য/প্রার্থী (Participant) প্রেরণ প্রসঙ্গে।

বাংলাদেশ পুলিশকে একটি জনবান্ধব, আধুনিক ও যুগোপযোগী বাহিনীতে পরিণত করা এবং বাংলাদেশ সরকারের ভিশন ২০৪১ অর্জনের লক্ষ্যে আপনার ইউনিটের কনস্টবল হতে ইন্সপেক্টর পদমর্যাদার পুলিশ সদস্যদের প্রয়োজনীয় মতামত গ্রহণের জন্য পুলিশ হেডকোয়ার্টার্স-এর কৃষ্ণচূড়া সম্মেলন কক্ষে আগামী ০২/০৭/২০২০ খ্রিস্টাব্দ তারিখে একটি ওয়ার্কশপের আয়োজন করা হয়েছে। উক্ত ওয়ার্কশপে পুলিশের প্রশিক্ষণ সংক্রান্ত মতামতও গ্রহণ করা হবে। ওয়ার্কশপে পুলিশ সদস্য/প্রার্থী প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী পালন করতে হবে:

- ১। পুলিশ সদস্য প্রেরণের ক্ষেত্রে প্রার্থীর চাকুরীর বয়স কমপক্ষে ৫ বছর হতে হবে, নারী সার্জেন্টদের ক্ষেত্রে প্রার্থীর চাকুরীর বয়স কমপক্ষে ৩ বছর হতে হবে।
- ২। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে পুলিশ সম্পর্কে সম্যক ধারণাসহ ওয়ার্কশপে অবদান রাখতে পারবে এমন পেশাদার, জ্ঞানার্জনে আগ্রহী ও উদ্যোগী প্রার্থীদের প্রাধিকার দিতে হবে।
- ৩। সংযুক্ত ছক মোতাবেক প্রার্থী প্রেরণ করতে হবে।
- ৪। ওয়ার্কশপে যাতায়াত, রাত্রিকালীন অবস্থান, মিথস্ক্রিয়া, খাদ্য গ্রহণসহ অন্যান্য কার্যক্রমে করোনা ভাইরাস সংক্রান্ত সকল স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য ইউনিট কর্তৃক ব্রিফিং প্রদানপূর্বক প্রেরণ করতে হবে।
- ৫। গণপরিবহন ব্যবহার করা যাবে না।

বর্ণিত ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের নাম, পদবী, বিপি নম্বর, মোবাইল নাম্বার এবং ইউনিট এর নাম আগামী ৩০/০৬/২০২০ খ্রিস্টাব্দ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সংযুক্ত ছক মোতাবেক নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। ওয়ার্কশপে অংশগ্রহণের নিমিত্ত নির্বাচিত পুলিশ সদস্যদের আগামী ০২/০৭/২০২০ খ্রিস্টাব্দ তারিখে সকাল ০৯:৩০ ঘটিকার মধ্যে ওয়ার্কিং ড্রেসে পুলিশ হেডকোয়ার্টার্স-এর কৃষ্ণচূড়া সম্মেলন কক্ষে যোগদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ওয়ার্কশপে অংশগ্রহণের জন্য সরকারি গাড়ি/সরকারি খরচে ভাড়া কৃত গাড়ি ব্যবহার করা যাবে। প্রার্থীদের হোটেল এম.এল. হোটেল টাওয়ার লিমিটেড (আবাসিক) রয়েল টাওয়ার, ২০৮, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয় নগর, ঢাকা-১০০০ (হোটেল সংক্রান্তে সার্জেন্ট/সাদ্দাম হোসেন-০১৭১০০১৪৫৪৭ এর সাথে যোগাযোগ করা যেতে পারে) তে এক (০১) রাত থাকার ব্যবস্থা করা হয়েছে।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

সংযুক্তি-০১ পাতা।

নেছার উদ্দীন আহমেদ, পিপিএম-সৈয়দ

বিপি-৭৬০৫১০৬৫৩১

এআইজি (ইনোভেশন এন্ড বেস্ট প্র্যাকটিস)

বাংলাদেশ পুলিশ

পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

ফোন-৮৮০-২-৯৫৬৮২৬১

মোবা:০১৭৬৯৬৯৩৫১০

ফ্যাক্স-৯৫৬৩০৬২,৯৫৬৩০৬৩

Email-aiginnov_bp@police.gov.bd

স্মারকনং-৪৪.০১.০০০০.৯৭৮.১৬.০০১.২০১৮- ২০৭/০ (৩২) তারিখ: ২০/জুন/২০২০ খ্রিস্টাব্দ

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
- ২। মহাপরিচালক, র‍্যাভ, কুমিল্লা, ঢাকা।
- ৩। অ্যাডিশনাল আইজি, হাইওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ।
- ৪। পুলিশ কমিশনার, সিএমপি/এসএমপি/আরএমপি/ কেএমপি/ বিএমপি/ আরপিএমপি/ জিএমপি।
- ৫। ডিআইজি, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী, বাংলাদেশ পুলিশ। (অংশগ্রহণকারীদের প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
- ৬। কমান্ড্যান্ট, টিডিএস, মিলব্যাংক, ঢাকা।
- ৭। অ্যাডিশনাল ডিআইজি, ট্রেনিং-১, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ৮। এআইজি (প্রশাসন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। [স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ভেন্যু প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো]
- ৯। পুলিশ সুপার, ঢাকা/মানিকগঞ্জ/মুন্সিগঞ্জ/নারায়নগঞ্জ/সিরাজগঞ্জ/টাঙ্গাইল/ কুমিল্লা/ বগুড়া/কিশোরগঞ্জ/গাজীপুর জেলা।
- ১০। ইনচার্জ, অপারেশন কন্ট্রোলরুম, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। [পত্রটি সকল ইউনিটে প্রেরণের নিশ্চয়তা বিধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]

জ্ঞাতার্থে:

- ১। স্টাফ অফিসার টু আইজিপি, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। [ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ২। পিএ টু অ্যাডিশনাল আইজিপি (এএন্ডও/এফএন্ডডি/এইচআরএম, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। [অ্যাডিশনাল আইজিপি মহোদয়গণের সদয় অবগতির জন্য]
- ৩। পিএ টু ডিআইজি (এফএন্ডবি/লজিস্টিকস), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। [ডিআইজি মহোদয়গণের সদয় অবগতির জন্য]

